

## এইচএসসির ফল তিন লাখ খাতা আবার দেখতে হবে

**নিজস্ব প্রতিবেদক**

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলটি সাধারণ বোর্ডসহ ১০ বোর্ডে ফল পুনর্নিরীক্ষায় তিন লাখ ১০ হাজার ৭৯টি খাতা আবার দেখতে হবে বলে আন্তর্জাতিক বোর্ড সূত্রে জানা গেছে। এর মধ্যে ঢাকা বোর্ডেই দেখতে হবে প্রায় এক লাখ ১০ হাজার খাতা। একজন শিক্ষার্থী একাধিক বিষয় পুনর্নিরীক্ষার আবেদন করায় খাতা দেখার সংখ্যা অনেক বেড়ে গেছে। ঢাকা বোর্ডে আবেদনকারীর সংখ্যা প্রায় ৩০ হাজার। আর সারা দেশে তা লাখ ছাড়িয়ে যাবে বলে আন্তর্জাতিক বোর্ড সূত্রে জানা গেছে। গত রবিবার রাত ১২টায় এই ফল পুনর্নিরীক্ষার আবেদনের সময়সীমা শেষ হয়। আন্তর্জাতিক বোর্ড ও ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ গতকাল কালের কণ্ঠকে বলেন, 'আমরা এখনো শিক্ষার্থীর সংখ্যা চূড়ান্তভাবে হিসাব করিনি। আগামীকাল (আজ মঙ্গলবার) আবেদনকারীর সঠিক সংখ্যা জানা যাবে। কতটি পত্রের খাতা দেখতে হবে, সেটাই এখন পর্যন্ত জানা গেছে। তবে তিন লাখ খাতা দেখতে হলেও যেসব বিষয়ের প্রথম ও দ্বিতীয় পত্র রয়েছে সেগুলোর জন্য একটি বিষয় হিসেবে শিক্ষার্থীদের কাছ থেকে ১৫০

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

### তিন লাখ

▶▶ শেষ পৃষ্ঠার পর

টাকা হিসাবে ফি রাখা হয়েছে। এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১০ বোর্ডে অংশ নিয়েছিল ১০ লাখ ৬১ হাজার ৬১৪ জন। এতে উন্নীর্ণ হয় সাত লাখ ৩৮ হাজার ৮৭২ জন। গড় পাসের হার ৬৯.৬০ শতাংশ। আর জিপিএ ৫ পেয়েছে ৪২ হাজার ৮৯৪ জন। গত কয়েক বছরের তুলনায় এবার পাসের হার ও জিপিএ ৫ প্রাপ্তির সংখ্যা অনেক কম। এবার প্রত্যাশিত ফল হয়নি বলে দাবি করেছে শিক্ষার্থীরা। তাই অন্যান্য বছরের চেয়ে এবার ফল পুনর্নিরীক্ষার আবেদনও বেশি পড়েছে। এসব বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর হিদ্বিক কালের কণ্ঠকে বলেন, 'এবার আবেদনের সংখ্যা তুলনামূলক বেশি। আগামী ৮ সেপ্টেম্বর পুনর্নিরীক্ষার ফল প্রকাশ করা হবে। এসএমএসের মাধ্যমে শিক্ষার্থীদের ফল জানিয়ে দেওয়া হবে। শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটের মাধ্যমেও তা জানা যাবে।'